

# 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২২৭৭

كاب النكاح) المحاب النكاح)

পরিচ্ছেদঃ ৪২. যে ব্যক্তি তার ছেলেকে চেনা সত্ত্বেও অস্বীকার করে

بَابِ مَنْ جَحَدَ وَلَدَهُ وَهُوَ يَعْرِفُهُ

### আরবী

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ صَالِحٍ حَدَّثَنِي اللَّيْثُ حَدَّثَنِي يَزِيدُ بْنُ عَبْدِ اللَّهِ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ يُونُسَ عَنْ سَعِيدِ عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّهُ سَمِعَ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ حِينَ أُنْزِلَتْ آيَةُ الْمُلَاعَنَةِ أَيُّمَا امْرَأَةٍ أَدْخَلَتْ عَلَى قَوْمٍ نَسَبًا لَيْسَ مِنْهُمْ فَلَيْسَتْ مِنْ اللَّهِ فِي شَيْءٍ وَلَمْ يُدْخِلْهَا اللَّهُ جَنَّتَهُ وَأَيُّمَا رَجُلٍ جَحَدَ وَلَدَهُ وَهُوَ يَنْظُرُ إِلَيْهِ احْتَجَبَ اللَّهُ مِنْهُ وَفَى يَنْظُرُ إِلَيْهِ احْتَجَبَ اللَّهُ مِنْهُ وَفَى تَنْظُرُ إِلَيْهِ احْتَجَبَ اللَّهُ مِنْهُ وَفَى عَنْظُرُ إِلَيْهِ احْتَجَبَ اللَّهُ مِنْهُ وَفَى عَنْ رَسُولِ اللَّهِ قَالَ مُحَمَّدُ بْنُ كَعْبِ الْقُرَظِيُّ وَسَلَّمَ وَسَعِيدٌ يُحَدِّنَهُ هَذَا وَقَدْ بَلَغَنِي هَذَا الْحَدِيثُ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَسَلَّمَ وَسَلَّمَ وَسَلَّمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَسَلَّمَ وَسَعِيدٌ يُحَدِّنَهُ هَذَا وَقَدْ بَلَغَنِي هَذَا الْحَدِيثُ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

#### বাংলা

২২৭৭. আবৃ হ্রায়রা রাদ্বিয়াল্লাহ্ আনহু থেকে বর্ণিত। তিনি বলেন, লিআন সম্পর্কিত আয়াত নাযিল হলে আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি: "যে নারী কোন সম্প্রদায়ের সাথে এমন সন্তানকে শামিল করে যে তাদের নয়, তার সাথে আল্লাহর কোন সম্পর্ক নেই এবং আল্লাহ কখনো তাকে তাঁর জান্নাতে প্রবেশ করাবেন না। আর যে পুরুষ নিজের সন্তানকে চিনতে পেরেও অস্বীকার করলো, কিয়ামতের দিন আল্লাহ তার থেকে আড়ালে থাকবেন এবং পূর্ববর্তী ও পরবর্তী (সমস্ত) সৃষ্টিকুলের সামনে তাকে অপমান করবেন।"[1] আব্দুল্লাহ বলেন: মুহাম্মদ ইবনু কা'ব আল কুরায়ী রাদ্বিয়াল্লাহ্ আনহু ও সাঈদ রাদ্বিয়াল্লাহ্ আনহু এটি এভাবে বর্ণনা করেন: এ হাদীস রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লাম থেকেই আমার নিকট পৌঁছেছে।

## ফুটনোট

## [1] তাহক্বীক্ব: এর সনদ জাইয়্যেদ।

তাখরীজ: আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ৪১০৮ ও মাওয়ারিদুয যাম'আন নং ১৩৩৫ তে। এছাড়াও, হাফিজ তার তালখীসুল হাবীর ৩/২২৬ তে একে আবী দাউদ, নাসাঈ ও ইবনু হিব্বান, হাকিম এর



দিকে সম্বোদ্ধিত করে বলেছেন: দারুকুতনী তার ইলাল গ্রন্থে একে সহীহ বলেছেন। এর সাথে সাঈদ আল মাকবুরী হতে আব্দুল্লাহ ইবনু ইউনূসের একাকী বর্ণনা বিষয়টিও উল্লেখ করেছেন। আর তাকে এ হাদীস ব্যতীত অন্য কোনো হাদীস থেকে তার পরিচয় পাওয়া যায় না।

((আবূ দাউদ, তালাক ২২৬৩; নাসাঈ ৫/১৭৯-১৮০; ইবনু মাজাহ ২৭৪৩- অনুবাদক))

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন